ভোরের কাগজ

তারিখ 08 MAR 1998
পৃষ্ঠা ১৮ কলাম ৩

78

## চট্টগ্রাম বিআইটির প্রথম সমাবর্তন

# অচিরেই বিজ্ঞানভিত্তিক শিক্ষাব্যবস্থা প্রবর্তন করা হবে : প্রধানমন্ত্রী

চট্টগ্রাম অফিস : প্রধানমন্ত্রী শেখ হাসিনা লাগসই প্রযুক্তি নির্বাচন এবং জনগণের জীবনযাত্রার মান উন্নয়নের মাধ্যমে উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার জন্য বিজ্ঞানী ও প্রযুক্তিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল সকালে চট্টগ্রামের রাউজানে বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বিআইটি) চট্টগ্রাম-এর প্রথম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তিকে উন্নয়নের হাতিয়ার করে এবং এর ব্যাপক প্রয়োগের মাধ্যমে উন্নত বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে আমাদেরকেও এগিয়ে যেতে হবে। গোটা বিশ্ব এখন অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য বিজ্ঞান ও প্রযুক্তির অনুশীলন ও প্রয়োগের ওপর সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে। এ ক্ষেত্রে প্রকৌশলী ও প্রযুক্তিবিদদের গুরু দায়িত্বপালনে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, বিআইটি চট্টগ্রামের চেয়ারম্যান জামিলুর রেজা চৌধুরী, বিআইটি কাউন্সিলের ভাইস চেয়ারম্যান ড. নজরুল ইসলাম, বিআইটি চট্টগ্রামের পরিচালক ড. শ্যামল কান্তি বিশ্বাস। অনুষ্ঠানে শ্রমমন্ত্রী এম এ মান্নান, স্বাস্থ্যমন্ত্রী সালাউদ্দিন ইউসুফ ও আওয়ামী লীগ নেতা ফজলে করিম চৌধুরীসহ কূটনীতিক, শিক্ষাবিদ ও গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

সমাবর্তন অনুষ্ঠানে ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষ থেকে ১৯৯২-৯৩ শিক্ষাবর্ষ পর্যন্ত পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক্স এবং যন্ত্রকৌশল এই তিনটি বিভাগের স্নাতক ডিগ্রিধারীদের সনদ ও মেধাবী ছাত্রদের স্বর্ণপদক প্রদান করা হয়।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্টের আলোকে আমরা অচিরেই বিজ্ঞানভিত্তিক শিক্ষাব্যবস্থা প্রবর্তন করবো। প্রকৌশল শিক্ষাকে আরো উন্নত ও যুগোপযোগী করার জন্য যথাযথ উদ্যোগ নেওয়া হবে। চলতি অর্থবছরে ১৬টি নতুন পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপন করা হবে। এর মধ্যে তিনটি হবে শুধু মহিলাদের জন্য। তাছাড়া দেশের প্রতিটি জেলায় একটি করে পলিটেকনিক ইনস্টিটিউট স্থাপনের সিদ্ধান্তও নিয়েছে বর্তমান সরকার। এর ফলে সরকারি চাকরির ওপর নির্ভরশীলতা হ্রাস পাবে এবং স্বনির্ভর হওয়ার উপযুক্ত অবলম্বন তৈরি হবে।

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, একবার সুস্থ মাথায় ভেবে দেখুন, কি জন্য দেশকে অস্থিতিশীল করা হচ্ছে। এ দেশকে যারা চায়নি তারাই এ দেশের কল্যাণ চায় না। যাতে সময় এলে বলতে পারে এ দেশের জন্মলাভের ঘটনা ভুল ছিল।

### বঙ্গবন্ধু হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বিকেলে ফয়েজ লেকস্থ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ইউএসটিসি) চট্টগ্রামে বঙ্গবন্ধু মেমোরিয়াল হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন ও শিশু ওয়ার্ডের উদ্বোধন করেন। অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সালাউদ্দিন ইউসুফ, ইউএসটিসির প্রেসিডেন্ট ও জাতীয় অধ্যাপক ডা. নূরুল ইসলাম বক্তৃতা করেন।